

শিক্ষিতদের মধ্যে বেশি বেকার ৪

নিজস্ব প্রতিবেদক •

শিক্ষিত মানুষ চাকরি পাবেন, অর্থ উপর্যুক্ত করবেন—এটাই সার্ভিক। বাংলাদেশ শিক্ষিত মানুষের মধ্যেই বেকারত্বের হার বেশি। তাঁরা নিজেদের পছন্দ অনুযায়ী কাজ পান না। অন্যদিকে যাঁরা কখনো স্কুলে যাননি, শিক্ষার সুযোগ পাননি; তাঁদের মধ্যেই বেকারত্বের হার সবচেয়ে কম।

বাংলাদেশ শ্রমশক্তি জরিপ ২০১৫ (জুলাই-সেপ্টেম্বর)-এ এই চির উঠে এসেছে। এতে বলা হয়েছে, উচ্চমাধ্যমিক পাস তরঙ্গ-তরঙ্গীদের মধ্যে বেকারত্বের হার সবচেয়ে বেশি, ১১ দশমিক ৭৫ শতাংশ। উচ্চমাধ্যমিক পাস করাদের মধ্যে ৭ লাখ ১৬ হাজার বেকার। উচ্চশিক্ষিতদের মধ্যে ৫ দশমিক ৭০ শতাংশ বেকার। সাতক বা সাতকোত্তর ডিগ্রি নিয়ে ৯৪ হাজার লোক এখনো পছন্দ অনুযায়ী কাজ পাননি। অন্যদিকে অশিক্ষিতদের বেকারত্বের হার সবচেয়ে কম, ২ দশমিক ১৪ শতাংশ। তাঁদের সংখ্যা ৪ লাখ ১৩ হাজার।

শ্রমশক্তি জরিপ অনুযায়ী, বাংলাদেশে এখন ২৬ লাখ ৩১ হাজার বেকার রয়েছেন। বেকারদের মধ্যে প্রায় ৩১ শতাংশ কিংবা ৮ লাখ ১০ হাজারই

বাংলাদেশ শ্রমশক্তি জরিপ ২০১৫

হলন উচ্চমাধ্যমিক কিংবা সাতক ডিগ্রিধারী। বেকার জনগোষ্ঠীর প্রায় ৭৪ শতাংশের বয়স ১৫ থেকে থেকে ২৯ বছর। তাঁদের মধ্যে উচ্চশিক্ষা শেষ করেও প্রায় ৭৮ হাজার তরঙ্গ-তরঙ্গী কাজ বা চাকরি পাচ্ছেন না।

বাংলাদেশ উন্নয়ন পরিষেবা প্রতিষ্ঠানের (বিআইডিএস) গবেষণা পরিচালক রশিদান ইসলাম রহমানের মতে, শিক্ষিতদের মধ্যে বেকারত্বের হার বেশি হওয়ার দুটি কারণ থাকতে পারে। প্রথমত, উচ্চমাধ্যমিক পাস করা তরঙ্গ-তরঙ্গীরা খুব বেশি মেধাবী নন। তাই তাঁরা কাজ পান না। আর উচ্চশিক্ষিতরা তাঁদের পছন্দ অনুযায়ী কাজ পান না।

এ বিষয়ে জানতে চাইলে বিশ্বব্যাংকের ঢাকা কার্যালয়ের মুখ্য অর্থনৈতিবিদ জাহিদ হোসেন বলেন, 'শ্রমবাজারের সবচেয়ে বড় সমস্যা হলো শিক্ষিতদের জন্য আমরা ভালো ও উচ্চ আয়ের

কর্মসংহান তৈরি করতে পারছি না। তাঁরা বাধ্য হয়ে নিম্ন উৎপাদনশীলতার কাজে নিয়োজিত হন। এতে তাঁদের মেধার সঙ্গে অন্য ক্ষয় হচ্ছে। তাই জনসংখ্যা বৃদ্ধাসের সুবিধা অর্থনৈতিকভাবে পাওয়া মাছে না।' তাঁর মতে, দেশের শ্রমবাজার অনানুষ্ঠানিক খাতের ওপর নির্ভরশীল। শিল্প ও সেবার মতো সুগঠিত খাতে শ্রমবাজার গেলে শিক্ষিতদের সুযোগ আরও বাড়বে।

বর্তমানে শ্রমশক্তির আকার ৬ কোটি ১৪ লাখ। এর মধ্যে ৫ কোটি ৮৭ লাখ কাজ করেন। তাঁরা সঙ্গাহে কর্মপক্ষে এক ঘট্টো কাজ করেন। এ বিশাল কর্মরত শ্রমশক্তির মধ্যে ৩২ শতাংশ বা ১ কোটি ৯০ লাখ লোকের কোনো শিক্ষাগত যোগ্যতা নেই। অনানুষ্ঠানিক খাতে ৮৫% কর্মসংহান; অনানুষ্ঠানিক খাতে দেশের প্রায় ৮৫ শতাংশ কর্মসংহান হয়। সর্বশেষ শ্রমশক্তি জরিপ অনুযায়ী, অনানুষ্ঠানিক খাতে কাজ করেন প্রায় ৪ কোটি ৯৬ লাখ ৫৪ হাজার লোক। আর অনানুষ্ঠানিক খাতে এ সংখ্যা মাত্র ৮৯ লাখ ৭০ হাজার। অনানুষ্ঠানিক খাতে শিক্ষিতদের চেয়ে অশিক্ষিতরাই বেশি কাজ পান। ১ কোটি ৭৮ লাখ শ্রমিক আছেন, যাঁদের কোনো শিক্ষাগত যোগ্যতা নেই।